

195847 - যদি কোন সন্তান তার দৈনন্দিন খরচ থেকে দান করে তাহলে এর সওয়াব কি বাবা পাবেন; নাকি ছেলে পাবেন?

প্রশ্ন

আমি ছাত্র। আমি বাবার খরচে চলি। আমি আমার খরচ থেকে একটি অংশ মসজিদ নির্মাণে দিতে চাই। এর সওয়াব কি আমি পাব; নাকি আমার বাবা পাবেন? যেহেতু তিনিই অর্থটার মালিক?

প্রিয় উত্তর

আপনার বাবা আপনার খরচ ও প্রয়োজনে যে অর্থ আপনাকে দিয়েছেন সেটা থেকে আপনি যদি দান করেন তাহলে আল্লাহর অনুগ্রহ ও বদান্যতার কাছে এটাই কাম্য যে: আপনি দান করার গোটা সওয়াব পাবেন এবং আপনার পিতাও অনুরূপ সওয়াব পাবেন; যিনি এ সম্পদটি উপার্জন করেছেন এবং আপনার পিছনে ব্যয় করেছেন।

সহিহ বুখারী (১৪৪০) ও সহিহ মুসলিম (১০২৪)-এ আয়েশা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যদি কোন নারী তার স্বামীর ঘর থেকে অপচয় না করে কোন খাবার দান করে; তাহলে সে নারী এ দানের সওয়াব পাবেন, তার স্বামীও সওয়াব পাবেন এবং খাবার সংরক্ষণকারীও সওয়াব পাবেন। স্বামী সওয়াব পাবেন উপার্জনের, আর স্ত্রী সওয়াব পাবেন দান করার।"

কোন কোন রেওয়াজে এসেছে تصدقت (দান করে) আর কোন কোন রেওয়াজে أنهفقت (খরচ করে)।

অতএব, শর্ত হচ্ছে এ ব্যয়ের মাধ্যমে যেন মূল মালিকের সম্পদ নষ্ট করা না হয়; যেমন সন্তান বা স্ত্রী এমনভাবে ব্যয় করা যাতে পিতার সম্পদে ব্যাপক ঘাটতি তৈরী করে কিংবা স্বাভাবিকের চেয়ে বেশি খরচ করা। এ ধরনের ক্ষেত্রে সম্পদের মালিকের অনুমতি নেয়া আবশ্যিক। [দেখুন: ফাতহুল বারী (৩/৩০৩)]

আল্লাহই সর্বজ্ঞ।